



প্রথম আলো

প্রথম আলো, ০৪-০৩-২০২৪ পৃষ্ঠা-অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্লাস্টিক দূষণ নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠান



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ দুটির যৌথ উদ্যোগে দিনব্যাপী 'প্লাস্টিক দূষণ বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতামূলক' অনুষ্ঠানের আয়োজন করা হয়। গতকাল শনিবার (২ মার্চ) রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে আয়োজিত এ অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ছাড়া রাজধানীর পাঁচটি কুলের খুদে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

আয়োজনের মধ্যে ছিল পরিবেশবিষয়ক আলোচনা, কুইজ, ছবি আঁকা, সচেতনতামূলক স্টল, ভিডিও প্রদর্শনী ইত্যাদি। আলোচনা অনুষ্ঠানে বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শামস রহমান, কোষাধ্যক্ষ ইশফাক ইলাহি চৌধুরী, প্রথম আলোর যুব কার্যক্রমের প্রধান সমন্বয়ক মুনির হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক জেসমিন ও অধ্যাপক গাউসিয়া চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের সভাপতি সুরাইয়া নাসরিন।



আলোচনায় বক্তারা প্লাস্টিক পণ্যের বিভিন্ন ক্ষতিকর দিক তুলে ধরেন। জলাবদ্ধতা, ফসলহানি, জলাজ প্রাণীদের বিপন্ন জীবন ইত্যাদি সংকটের জন্য তাঁরা প্লাস্টিকের ব্যবহারকে দায়ী করেন। পৃথিবীর বিভিন্ন দেশে প্লাস্টিক ব্যবহার বন্ধ হয়েছে কেন, সেসবের উদাহরণ দেন। তাঁদের মতে, বাংলাদেশের মানুষের মধ্যে প্লাস্টিক বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। সে জন্য এ দেশের মানুষকে প্রতিনিয়ত নানা ধরনের দুর্ভোগ পোহাতে হচ্ছে। তাই, কুলের শিক্ষার্থীদের প্লাস্টিক পণ্য ব্যবহার কমিয়ে আনতে পরিবার থেকেই ভূমিকা রাখা এবং বড় হয়ে এ বিষয়ে আরও বিশদভাবে কাজ করার পরামর্শ দেন। অনুষ্ঠানে শিক্ষার্থীরাও প্লাস্টিক দূষণ বন্ধে কাজ করবেন বলে অঙ্গীকার করেন।